**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**আপীল বিভাগ, ঢাকা।**
www.supremecourt.gov.bd

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

# শোকবার্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সাবেক অস্থায়ী রাষ্ট্রপতি, জাতীয় সংসদের সাবেক স্পিকার, সাবেক মন্ত্রী এবং সুপ্রীম কোর্ট বারের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার আজ ১২ জুলাই ২০২৬ খ্রি. রোজ রবিবার ভোর ৪:১৯ ঘটিকায় রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

তাঁর মৃত্যুতে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় তাঁর নিজের, বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়বৃন্দের এবং সুপ্রীম কোর্ট রেজিস্ট্রির কর্মকর্তা-কর্মচারীদের পক্ষে গভীর শোক প্রকাশ করেছেন। তিনি মরহুমের রূহের মাগফিরাত কামনা করেছেন এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন।

উল্লেখ্য, তাঁর স্মৃতির প্রতি সম্মান জানিয়ে আজ (১২ জুলাই) বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের কোর্টসমূহের কার্যক্রম অর্ধবেলা (দিনের দ্বিতীয় ভাগ) বন্ধ থাকবে। একই সাথে আজ চেম্বার কোর্টের কার্যক্রম বন্ধ থাকবে।

১২/০৭/২৫

মোঃ শফিকুল ইসলাম
গণসংযোগ কর্মকর্তা
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

CS CamScanner